



বাংলাদেশ কৃষি ব্যাংক
এএমএল-সিএফটি ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

গণমানুষের ব্যাংক
মেইল: dgmrmd@krishibank.org.bd
ফোন : ০২-২২৩৩৮৪৮৬

নং- এএমএল-আরএমডি/অপারেশন-১(SRP)/২০২৫-২০২৬/৪২৪

তারিখ: ১৫ জুন ২০২৬

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৪। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Supervisory Review Process (SRP) সভার নির্দেশনাসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,

বিক্রেয় Supervisory Review Process (SRP) এর সভা বিগত ০৫ মে ২০২৬ তারিখ SRP Team এর সভাপতি ও ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ডরুমে অনুষ্ঠিত হয়। সভায় ব্যাংকের মূলধন পর্যাণ্ডতা, পর্যাণ্ড তারল্য সংরক্ষণ এবং ঝুঁকি ব্যবস্থাপনার সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয়। এক্ষেত্রে করণীয় নির্ধারণপূর্বক ব্যাংক কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।

- i) টেকসই ঋণ বিতরণ ও আমানত সংগ্রহের মাধ্যমে সংশ্লিষ্ট অর্থবছরে ব্যাংকের ঋণ ও আমানত স্থিতির লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।
- ii) Liquidity Risk হ্রাসকরণে Net Stable Funding Ratio (NSFR) এবং Medium Term Funding Ratio (MTFR) নির্দিষ্ট সীমায় উন্নীত করার জন্য Stable Fund অর্থাৎ Core Deposit (চলতি, সঞ্চয়ী ও এসএনডি) এর পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করতে হবে।
- iii) ঝুঁকি ভিত্তিক সম্পদ হ্রাস করণের লক্ষ্যে ভাল Credit Rating সম্পন্ন ঋণগ্রহীতাদের ঋণ প্রদান করতে হবে।
- iv) শ্রেণিকৃত ঋণ হ্রাস করার লক্ষ্যে সংশ্লিষ্ট অর্থবছরে শ্রেণিকৃত ঋণ ও শ্রেণিযোগ্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।
- v) সুদ মওকুফ, ঋণ পুনঃতফশিল, ঋণ অবলোপন, মামলা নিষ্পত্তির কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। মামলাযোগ্য ঋণসমূহের বিপরীতে দ্রুত মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- vi) দীর্ঘদিনের পুরানো অসম্বিত সামরিক পেনশন এবং সঞ্চয়পত্র খাত দ্রুত সমন্বয় করতে হবে।
- vii) ব্যাংকের মূলধন ঘাটতি পূরণকল্পে শাখাসমূহকে লাভজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- viii) ব্যাংকের মোবাইল অ্যাপ (my-BKB App) এর মাধ্যমে সম্ভাব্য সকল গ্রাহককে ব্যাংকিং নেটওয়ার্কের আওতায় নিয়ে আসতে হবে। পাশাপাশি লেনদেনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- ix) Credit Risk হ্রাসকল্পে Documentation Error ও Valuation Error সহ ঋণ প্রদানের জন্য প্রযোজ্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- x) Debit ও Credit Card ইস্যুর মাধ্যমে লেনদেনের গতিশীলতা বৃদ্ধি করে ব্যাংকের আর্থিক বুনিয়াদ শক্তিশালী করতে হবে।
- xi) Operational Risk হ্রাসকরণে প্রযোজ্য বিধিবিধান অনুসরণপূর্বক দ্রুততম ব্যাংকিং সেবা নিশ্চিত করতে হবে।
- xii) AML Rating সহ অন্যান্য Core Risk Rating এর মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- xiii) Internal and External Fraud রোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- xiv) সৃষ্ট ও গ্রাহকবান্ধব ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে সকল ঝুঁকি ন্যূনতম পর্যায়ে রাখতে হবে।

চলমান পাতা-২

বিষয়ঃ Supervisory Review Process (SRP) সভার নির্দেশনাসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।


এছাড়া, বাংলাদেশ কৃষি ব্যাংকের CAMELS Rating ও Core Risk (CRM, ALM, AML, FX, ICT & ICC Risk) এর মান উন্নয়নে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- i) সম্পদের গুণগত মান বৃদ্ধির জন্য যোগ্য ও মান সম্পন্ন গ্রাহককে ঋণ প্রদান করতে হবে।
- ii) মূলধন পর্যাপ্ততা নিশ্চিতকরণে আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসের মাধ্যমে শাখাকে লাভজনক পর্যায়ে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- iii) লক্ষ্যমাত্রা অনুযায়ী নন-পারফরমিং ঋণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে মামলাযোগ্য ঋণ হিসাবসমূহের বিপরীতে মামলা দায়ের করতে হবে।
- iv) টেকসই আমানত সংগ্রহ ও যথাসময়ে ঋণ আদায়ের মাধ্যমে Liquidity পরিস্থিতি কাম্বিৎ পর্যায়ে উন্নীত করতে হবে।
- v) বিনিয়োগ ও আমানত এর যথাযথ ব্যবহারের মাধ্যমে ব্যাংকের দায় ও সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
- vi) মানিলাভারিং ও সত্ৰাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম জোরদার করতে হবে।
- vii) আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে প্রযোজ্য ঝুঁকিসমূহ নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- viii) তথ্য ও প্রযুক্তি বিষয়ক ঝুঁকিসমূহ নিরসনে ICT বিভাগের নির্দেশনার আলোকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ix) ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা শক্তিশালী করার মাধ্যমে ব্যাংকিং কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।

০৩। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক প্রদত্ত উক্ত নির্দেশনাসমূহ পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক

নং- এএমএল-আরএমডি/অপারেশন-১(SRP)/২০২৫-২০২৬/৪২৪

তারিখঃ ১৫ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। নথি/ মহানথি।


(মোঃ শহিদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক